সুন্দর হৃদিরঞ্জন তুমি    নন্দনফুলহার,
তুমি অনন্ত নববসন্ত    অন্তরে আমার ॥
নীল অম্বর চুম্বননত,    চরণে ধরণী মুগ্ধ নিয়ত,
অঞ্চল ঘেরি সঙ্গীত যত    গুঞ্জরে শতবার ॥
ঝলকিছে কত ইন্দুকিরণ,    পুলকিছে ফুলগন্ধ—
চরণভঙ্গে ললিত অঙ্গে    চমকে চকিত ছন্দ ।
ছিঁড়ি মর্মের শত বন্ধন    তোমা-পানে ধায় যত ক্রন্দন—
লহো হৃদয়ের ফুলচন্দন    বন্দন-উপহার ॥

---

Parjaay: Prem, Taal: Ektaal, Raag: Iman Kalyan

Visit www.geetabitan.com for notation and other detail